



ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

اسلامی بنک بنغلادیش لیمیٹید

Islami Bank Bangladesh Limited

DEVELOPMENT WING

Brand & Communication Division

২৪ নভেম্বর ২০২২

বরাবর

সম্পাদক

দৈনিক প্রথম আলো

বিষয় : ২৪ নভেম্বর ২০২২ তারিখে প্রকাশিত 'ইসলামী ব্যাংক' 'ভয়ংকর নভেম্বর' শীর্ষক সংবাদের প্রেক্ষিতে আমাদের বক্তব্য।

জনাব,

আসসালামু আলাইকুম।

আপনার বহুল প্রচারিত দৈনিক প্রথম আলো পত্রিকায় ২৪ নভেম্বর ২০২২ তারিখে প্রথম পাতায় প্রকাশিত 'ইসলামী ব্যাংক' 'ভয়ংকর নভেম্বর' শীর্ষক সংবাদের প্রতি আমাদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদের ব্যাপারে ব্যাংকের বক্তব্য নিম্নে উল্লেখ করা হলো।

“নাবিল গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান শিমুল এন্টারপ্রাইজসহ আটটি প্রতিষ্ঠানকে দেয়া ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর বিনিয়োগের বিষয়ে যে তথ্য প্রকাশিত হয়েছে তা যথাযথভাবে উপস্থাপিত হয়নি। ১৮ বছর ধরে সুনামের সাথে ব্যবসা পরিচালনা করে নাবিল গ্রুপ বর্তমানে ১৭টি প্রতিষ্ঠানের বৃহৎ শিল্প গ্রুপে পরিণত হয়েছে। বাংলাদেশের কৃষি-শিল্প ও ভোগ্যপণ্য উৎপাদন, সরবরাহ ও আমদানিতে এ গ্রুপ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এ ছাড়া চাল, ডাল, গম, চিনি ও ভোজ্যতেলের অন্যতম বৃহৎ সরবরাহকারী হিসেবে কাজ করছে এ প্রতিষ্ঠান। এ গ্রুপের মাধ্যমে প্রায় ১৫ হাজার মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। এ ছাড়া আনোয়ারা ট্রেড ইন্টারন্যাশনালসহ অন্যান্য যে ব্যবসা প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে তারাও যথাযথ ব্যাংকিং নিয়মাচার পরিপালন করে বিনিয়োগ নিয়েছে। প্রতিবেদনে একটি প্রতিষ্ঠানের মালিকের ঠিকানা চট্টগ্রাম এবং বাঁশখালীর মিস্তাহ উদ্দিনের নামে একটি প্রতিষ্ঠানের মালিকানা রয়েছে বলে উল্লেখ করা হয়েছে, যা সঠিক নয়।

সাম্প্রতিক সময়ে দেশে নিত্যপ্রয়োজনীয় খাদ্য সামগ্রীর পর্যাপ্ত যোগান নিশ্চিতের লক্ষ্যে এ ধরনের পণ্যে ইসলামী ব্যাংক বিনিয়োগ বৃদ্ধি করেছে। এছাড়া সম্প্রতি আমদানি বৃদ্ধি, ডলারের রেট বেড়ে যাওয়া এবং প্রতিষ্ঠানগুলোর ব্যবসা সম্প্রসারিত হওয়ায় যথাযথ মূল্যায়ন করে পর্যাপ্ত জামানত গ্রহণ ও ব্যাংকের নিয়মাচার মেনেই তাদের বিনিয়োগ দেয়া হয়েছে।

ইসলামী ব্যাংকের সাথে প্রতিষ্ঠানগুলোর ব্যবসায়িক সুসম্পর্ক রয়েছে। এখন পর্যন্ত প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগ মেয়াদোত্তীর্ণ বা খেলাপি হয়নি। ইসলামী ব্যাংক গ্রাহকের ব্যবসায়িক স্থাপনা, চলতি মূলধনের প্রয়োজনীয়তা, ব্যবসায়িক দক্ষতা ও অভিজ্ঞতা এবং সরবরাহ ব্যবস্থাপনাসহ ব্যাংকের অন্যান্য বিনিয়োগ নীতিমালা ও নিয়ন্ত্রক সংস্থার নির্দেশনা অনুসরণ করেই বিনিয়োগ প্রদান করেছে। মুরাবাহা টিআর পদ্ধতিতে বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে মালামাল ক্রয়-বিক্রয়ের প্রয়োজনীয় দলিলাদি নিয়ে ইসলামী শরী'আহ পরিপালন করে বিনিয়োগ প্রদান করা হয়েছে। এ বিনিয়োগকৃত অর্থ তাদের ব্যবসায়িক কর্মকাণ্ডেই ব্যবহৃত হচ্ছে এবং নির্দিষ্ট সময়েই এ বিনিয়োগের টাকা ব্যাংক ফেরত পাবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।”

বক্তব্যটি প্রথম পাতায় প্রকাশ করার জন্য বিনীত অনুরোধ করছি।

(নজরুল ইসলাম)

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও

হেড অব ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশন ডিভিশন